ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৪৬৩

আগরতলা, ২৯ অক্টোবর, ২০২৫

# নাগরিকরা নির্বাচন সম্পর্কিত সকল প্রশ্ন/অভিযোগ নিষ্পত্তির জন্য ১৯৫০ ভোটার হেল্পলাইন ও 'বুক-এ-কল উইথ বিএলও' সুবিধা ব্যবহার করতে পারবেন

ভারতের নির্বাচন কমিশন (ইসিআই) নাগরিকদের সমস্ত প্রশ্ন/অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে জাতীয় ভোটার হেল্পলাইন এবং সকল ৩৬টি রাজ্য ও জেলা স্তরের হেল্পলাইন সক্রিয় করেছে।
ন্যাশনাল কন্টাক্ট সেন্টার (এনসিসি) সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের জন্য একটি কেন্দ্রীয় হেল্পলাইন হিসেবে কাজ করবে। এটি প্রতিদিন সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত টোল-ফ্রি নম্বর **১৮০০-১১-১৯৫০**-এর মাধ্যমে চালু থাকবে। প্রশিক্ষিত নির্বাহীরা কল গ্রহণ করে নাগরিক এবং অন্যান্য স্টেকহোল্ডারদের নির্বাচন সংক্রান্ত পরিষেবা ও প্রশ্নের উত্তর প্রদান করবেন।
ইসিআই প্রত্যেক রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল ও জেলা পর্যায়ে নিজস্ব **স্টেট কন্টাক্ট সেন্টার (এসসিসি)** এবং **ডিস্ট্রিক্ট কন্টাক্ট সেন্টার (ডিসিসি)** স্থাপনের নির্দেশ দিয়েছে, যাতে সময়মতো ও স্থানীয় ভাষায় উত্তর দেওয়া যায়। এই কেন্দ্রগুলি অফিস চলাকালীন সময়ের মধ্যে সারা বছর সকল কর্মদিবসে খোলা থাকবে এবং রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের আঞ্চলিক ভাষায় সহায়তা প্রদান করবে।
সমস্ত অভিযোগ ও প্রশ্ন **ন্যাশনাল গ্রিভান্স সার্ভিস পোর্টাল (এনজিএসপি ২.০)**-এর মাধ্যমে রেকর্ড ও ট্র্যাক করা হবে।
এছাড়াও, ইসিআই **'বুক-এ-কল উইথ বিইএলও'** সুবিধা চালু করেছে, যার মাধ্যমে নাগরিকরা **ইসিআইনেট (ECINET)** প্ল্যাটফর্মে উপলব্ধ ফিচারটি ব্যবহার করে সরাসরি তাঁদের সংশ্লিষ্ট **বুথ লেভেল অফিসার (বিএলও)**-এর সঙ্গে যোগাযোগ করতে পারবেন।
নাগরিকরা **ইসিআইনেট অ্যাপ (ECINet App)** ব্যবহার করেও নির্বাচন অধিকারিকদের সঙ্গে যোগাযোগ করতে পারেন। ইসিআই সকল **সিইও (CEO), ডিইও (DEO)** এবং **ইআরও (ERO)**-কে নির্দেশ দিয়েছে যেন তারা নিয়মিতভাবে অগ্রগতি পর্যবেক্ষণ করেন এবং ব্যবহারকারীদের আবেদনসমূহ ৪৮ ঘন্টার মধ্যে দ্রুত নিষ্পত্তি নিশ্চিত করেন।
এই সুবিধাগুলি নির্বাচনী অভিযোগ নিষ্পত্তির বিদ্যমান ব্যবস্থার অতিরিক্ত। নাগরিকরা চাইলে **complaints@eci.gov.in** ঠিকানায় ইমেলও পাঠাতে পারেন।
নির্বাচন কমিশন সকল ভোটারকে উৎসাহিত করছে যেন তাঁরা **'বুক-এ-কল উইথ বিএলও'** এবং নির্দিষ্ট **ভোটার হেল্পলাইন নম্বর – ১৯৫০** ব্যবহার করেন — নির্বাচন সংক্রান্ত সমস্ত তথ্য, মতামত, পরামর্শ ও অভিযোগ দ্রুত এবং স্বচ্ছভাবে নিষ্পত্তির জন্য। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

))))))))